৯।

দৈনিক সংবাদ

তারিখ 08 NOV 1997
পৃষ্ঠা ১ কলাম ৮

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই গ্রুপে গোলাগুলি

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল শুক্রবার রাত সাড়ে ৯টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ ও ফজলুল হক হল এলাকায় ছাত্রলীগের প্রতিদ্বন্দ্বী দু'টি গ্রুপের মধ্যে প্রায় এক ঘন্টব্যাপী গোলাগুলি হয়েছে। ওই দু'টি হল থেকে ছাত্রলীগের বিতাড়িত গ্রুপ হল পুনর্দখল করতে এলে বন্দুকযুদ্ধ শুরু হয়। গোলাগুলির সময় চানখারপুল, মেডিক্যাল কলেজ হাসপাতালের সামনের রাস্তা ও দোয়েল চত্বর এলাকায় যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়।